# নীলফামারী পৌরসভা কার্যালয়
# নীলফামারী।

## নগর সমন্বয় কমিটি (TLCC) বিশেষ সভায় ২০১৮-২০১৯ইং অর্থ বছরের সংশোধিত ও ২০১৯-২০২০ ইং অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট আলোচনার কার্যবিবরণী।

সভাপতি ঃ দেওয়ান কামাল আহমেদ, মেয়র, নীলফামারী পৌরসভা।

সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।

সভার তারিখ ঃ ৩০/০৫/২০১৯ খ্রিঃ।

সময় ঃ সকাল- ১১.০০ ঘটিকা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত ও গীতা পাঠের মধ্য দিয়ে কার্যাদি শুরু হয়, পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন জনাব মোঃ খাইরুল ইসলাম, পবিত্র গীতা থেকে পাঠ করেন জনাব শ্রী দুলাল চন্দ্র রায় বিলক্লাক, নীলফামারী পৌরসভা, নীলফামারী।

সভাপতি মহোদয় নগর সমন্বয় কমিটি (TLCC)-এর সম্মানিত সকল সদস্যদের সালাম ও শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্য রাখেন। তিনি জানান ২০১৯-২০২০ ইং অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট আমার সময়কালের ৩১ তম । পৌরসভার সম্মানীত অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটি,সচিব, হিসাব শাখার কর্মকর্তা ও কর্মচারীর সমন্বয়ে ২০১৮-২০১৯ ইং বছরের সংশোধিত ও ২০১৯-২০২০ ইং অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট প্রস্তুত করে জনগনের মতামত গ্রহনের জন্য ইতিপুর্বে নোটিশ বোর্ডে স্থাপন করা হয়েছে, উক্ত খসড়া বাজেট ও বাজেট সম্পর্কিত জনসাধারনের মতামতসহ উপস্থাপন এবং সভা পরিচালনার জন্য জনাব ফরিদ আহমেদ টিকাদান সুপারভাইজারকে আহবান করেন।

আলোচ্য সূচী (১) ২০১৮-২০১৯ ইং অর্থ বছরের সংশোধিত ও ২০১৯-২০২০ইং সনের প্রস্তাবিত প্রাক বাজেট সম্পর্কে আলোচনা।

আলোচনা (১) সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে জনাব মোঃ আফজালুল হক কোষাধ্যক্ষ সংশোধিত ও প্রস্তাবিত খসড়া বাজেট বিশদভাবে পাঠ করেন এবং পাঠশেষে আলোচনায়-

১। জনাব মোঃ আমজাদ হোসেন, সহযোগী প্রতিষ্টানের প্রতিনিধি, শিক্ষা, স্বাস্থ্য ও মশক/কুকুর নিধন খাতে ব্যয় বাড়ানোর সুপারিশ করেন।

২। পেশাজীবি প্রতিনিধি জনাবা হাছিনা ইসলাম লাকী, নারী উন্নয়নের জন্য ব্যয় বাড়ানোর সুপারিশ করেন।

৩। শহর দরিদ্র জনগোষ্টির প্রতিনিধি জনাবা শামীমা আক্তার, বঙ্গবন্ধু স্মৃতি পাঠাগার এবং পাঠাগারে বইপুস্তক ক্রয়ের জন্য বাজেট বরাদ্দ রাখার প্রস্তাব করেন।

৪। জনাব মোঃ মমতাজ উদ্দিন আহমেদ, পেশাজীবি প্রতিনিধি বলেন পৌরসভায় বিভিন্ন মেলা বসে সেজন্যে মেলাখাতে বাজেট ধরার এবং বঙ্গবন্ধু স্মৃতি পাঠাগার এবং পাঠাগারে বইপুস্তক ক্রয়ের জন্য বাজেট বরাদ্দ রাখার প্রস্তাব করেন।

৫। ডাঃ মোস্তাফিজুর রহমান সবুজ, পেশাজীবি প্রতিনিধি(চিকিৎসক) চিকিৎসা ও বৃক্ষরোপনের জন্য বাজেট বাড়ানোর প্রস্তাব করেন।

৬। নাগরিক সমাজের প্রতিনিধি জনাব মিজানুর রহমান লিটু, আয় বৃদ্ধির জন্য পৌরসভা নিয়ন্ত্রনাধীন দোকান ভাড়া বৃদ্ধি করা এবং স্থানীয় শালীশ বাবদ ফি ধরার প্রস্তাব করেন।

৭। পেশাজীবি প্রতিনিধি (ব্যবসায়ী) জনাব মোঃ ফরহানুল হক, চেম্বার অব কর্মাস,নীলফামারী কসাই খানা নির্মানের জন্য বাজেট বরাদ্দ রাখার প্রস্তাব করেন।

৮। জনাব তাহমিনুল হক ববি(সাংবাদিক),নাগরিক সমাজের প্রতিনিধি, পৌরসভার রাজস্ব আয় বাড়ার সুপারিশ করেন এজন্য পৌরসভার নিয়ন্ত্রনাধীন সকল বিলবোর্ডের ট্যাক্স ধরার,শিক্ষা ও চিকিৎসা খাতে ব্যয় বৃদ্ধি এবং ইতি পুর্বের ন্যায় বাজেট জনসম্মুখে তুলে ধরে প্রকাশ করার প্রস্তাব করেন।

সিদ্ধান্ত ঃ মেয়র মহোদয় সম্মানিত সদস্যগণের আনিত সুপারিশ যুক্তিযুক্ত হওয়ায় (ক) শিক্ষায় ঃ বঙ্গবন্ধু স্মৃতি পাঠাগার খাতের জন্য ১,০০,০০০/- এক লক্ষ টাকা, অন্যান্য খাতে ১,০০,০০০/- টাকা থেকে বৃদ্ধি করে ২,০০,০০০/- টাকা,(খ) স্বাস্থ্য ও পয়প্রনালীর ঃ ঔষধপত্র ও চিকিৎসা খাতে ১,৫০,০০০/-থেকে বৃদ্ধি করে ২,৫০,০০০/-টাকা,ই পি আই ও অন্যান্য স্বাস্থ্য সেবা খাতে

৩,০০,০০০/- টাকা থেকে বৃদ্ধি করে ৩,৫০,০০০/-টাকা, মশক/কুকুর নিধন খাতে ২,০০,০০০/- টাকা থেকে বৃদ্ধি করে ৩,০০,০০০/- টাকা ও (গ) বৃক্ষরোপন ও রক্ষনাবেক্ষন খাতে ২,০০,০০০/- টাকা থেকে বৃদ্ধি করে ৩,৫০,০০০/- টাকায় বৃদ্ধি করা হয় এবং সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

বিস্তারিত আলোচনার পর ২০১৮-২০১৯ইং সনের সংশোধিত বাজেট এবং আগামী ২০১৯-২০২০ইং সনের জন্য প্রস্তাবিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

সভায় পেশাজীবী প্রতিনিধি সম্মানীত সদস্য জনাব তাহমিনুল হক ববি এর প্রস্তাবে সম্মানীত মেয়র মহোদয় জানান ঈদ পরবর্তীতে পৌরসভা মিলনায়তন নীলফামারীতে জনপ্রতিনিধিদের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করে সুশাসন প্রতিষ্ঠায় ২০১৯-২০২০ ইং অর্থ বছরের বাজেট উন্মুক্তভাবে ঘোষনা ও স্থানীয় নেটওয়্যাক ক্যাবল চ্যানেলে সরাসরি সম্প্রচার করা হবে। পৌরসভার উন্নয়ন, সেবা সংক্রান্ত সমস্যা ও সম্ভাবনা, জনপ্রতিনিধিবৃন্দের প্রতিশ্রুতি, পৌরবাসীর অধিকার,দায়িত্ব,কর্তব্য ইত্যাদি বিষয়ে মতামত ও সুপারিশ নিয়ে সরাসরি প্রশ্ন করা যাবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

অত:পর বিবিধ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল TLCC'র সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(দেওয়ান কামাল আহমেদ)
মেয়র
নীলফামারী **পৌরসভা**
**ও**
**চেয়ারপার্সন**
শহর সমন্বয় কমিটি (TLCC)

স্মারক নং- নীঃ পৌঃ সভা/সাধা-নথি/২০১৮-১৯/ তারিখঃ- ৩০/০৫/২০১৯ইং

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলঃ**

১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্প, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। টিম লিডার, জিআইসিডি, GICD , UGIIP-III, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৪। রিজিওনাল কো-অর্ডিনেটর, GICD, UGIIP-III, বগুড়া।
৫। জনাব/বেগম............................................সদস্য/সদস্য-সচিব, শহর সমন্বয় কমিটি (TLCC), নীলফামারী **পৌরসভা**
৬। অফিস নথি।

(দেওয়ান কামাল আহমেদ)
মেয়র
নীলফামারী **পৌরসভা**
**ও**
**চেয়ারপার্সন**
শহর সমন্বয় কমিটি (TLCC)

# নীলফামারী পৌরসভা কার্যালয়
# নীলফামারী ।

প্রাপক ঃ জনাব/জনাবা ---------------------------------------

কাউন্সিলর, নীলফামারী পৌরসভা।

বিষয় ঃ বিশেষ মাসিক সভায় অংশ গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ৩০ মে/ ২০১৭ইং তারিখ, বেলা ৩.৩০ ঘটিকার সময় নীলফামারী পৌর সম্মেলন কক্ষে পৌর পরিষদের বিশেষ মাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সম্মানীত সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সুচী ঃ
১। ২০১৬-১৭অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০১৭-১৮ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট চুড়ান্ত অনুমোদন
সম্পর্কে আলোচনা।
৪। বিবিধ

(দেওয়ান কামাল আহমেদ)
মেয়র
নীলফামারী পৌরসভা।
নীলফামারী

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে।

১। প্রকল্প পরিচালক, UGIIP-III, এলজিইডি ভবন, ঢাকা।
২। অফিস কপি।

# নীলফামারী পৌরসভা কার্যালয়
# নীলফামারী।
## পৌর-পরিষদের বিশেষ বাজেট সভার কার্যবিবরণী

সভাপতি ঃ দেওয়ান কামাল আহমেদ, মেয়র, নীলফামারী পৌরসভা।

সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।

সভার তারিখ ঃ ৩০/০৫/২০১৯ খ্রিঃ।

সময় ঃ বিকাল- ৩.০০ ঘটিকা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

অদ্য ৩০/০৫/২০১৯ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ০৩.০০ ঘটিকায় পৌর সম্মেলন কক্ষে নীলফামারী পৌরসভার ২০১৯-২০২০ ইং অর্থ বছরের বিশেষ বাজেট সভা অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে পবিত্র কোরআন তেলায়াতের পর সভাপতি মহোদয় জনাব দেওয়ান কামাল আহমেদ স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার কার্যাদি শুরু করেন ।

সভায় সম্মানিত কাউন্সিলরবৃন্দের উপস্থিতিতে সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে জনাব মোঃ আফজালুল হক কোষাধ্যক্ষ নীলফামারী পৌরসভা ৩০/০৫/২০১৯ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় পৌর সম্মেলন অনুষ্ঠিত নগর সমন্বয় কমিটির (T L C C) বিশেষ সভায় উপস্থিত সদস্যগনের বিস্তারিত আলোচনা, পর্যালোচনার পর সুপারিশ ও মতামতের ভিত্তিতে ২০১৮-২০১৯ ইং অর্থ বছরের সংশোধিত ও ২০১৯-২০২০ ইং অর্থ বছরের প্রস্তাবিত পুনঃসংশোধিত খসড়া বাজেট পেশ করেন।

সভায় ২০১৮-২০১৯ ইং অর্থ বছরের উপস্থাপিত সংশোধিত বাজেট সর্বসম্মতি ক্রমে অনুমোদন করা হয়। তৎপর ২০১৯-২০২০ ইং অর্থ বছরের জন্য প্রনীত T L C C বিশেষ সভায় পুনঃসংশোধিত খসড়া বাজেটের আয় ও ব্যয়ের খাতওয়ারী বিবরণ বিশদ ভাবে আলোচনা ও পর্যালোচনান্তে ২০১৯-২০২০ ইং অর্থ বছরের প্রস্তাবিত আয় ঃ ৯০,৬৪,০৯,৮৪৮.০০(নব্বই কোটি চৌষট্রি লক্ষ নয় হাজার আটশত আটচল্লিশ) টাকা এবং ব্যয় ঃ ৯০,৬৪,০৪,৮০০.০০(নব্বই কোটি চৌষট্রি লক্ষ চার হাজার আটশত) টাকা সমাপনি স্থিতি(প্রারম্ভিক স্থিতিসহ) ২৬,৭৮,৯৯১.৭৭ (ছাব্বিশ লক্ষ আটাত্তর হাজার নয়শত একানব্বই পয়সা সাতাত্তর) টাকা সম্বলিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করতঃ চুড়ান্ত অনুমোদনার্থে স্থানীয় সরকার বিভাগ,সংশ্লিষ্ট শাখায় এবং অবগতির জন্য প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প, এলজিইডি ভবন, লেভেল-১২,আগারগাঁও শেরে বাংলা নগর এ প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া সকল ক্ষেত্রে পৌরসভা আদর্শ কর তফশিল ২০১৪ ইং অনুসারে করারোপ করা হয় । সভায় ঈদ পরবর্তীতে পৌরসভা মিলনায়তন নীলফামারীতে জনপ্রতিনিধিদের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করে সুশাসন প্রতিষ্ঠায় ২০১৯-২০২০ ইং অর্থ বছরের বাজেট উন্মুক্তভাবে ঘোষনা ও স্থানীয় নেটওর্য়াক ক্যাবল চ্যানেলে সরাসরি সম্প্রচার করা হবে। পৌরসভার উন্নয়ন, সেবা সংক্রান্ত সমস্যা ও সম্ভাবনা, জনপ্রতিনিধিবৃন্দের প্রতিশ্রুতি, পৌরবাসীর অধিকার,দায়িত্ব,কর্তব্য ইত্যাদি বিষয়ে মতামত ও সুপারিশ নিয়ে সরাসরি প্রশ্ন করা যাবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(দেওয়ান কামাল আহমেদ)
মেয়র
নীলফামারী পৌরসভা
নীলফামারী

স্মারক নং- নীঃ পৌঃ সভা/সাধা-নথি/২০১৮-১৯/ তারিখঃ- ৩০/০৫/২০১৯ইং

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ**

১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার,রংপুর বিভাগ,রংপুর।
৩। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্প, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৪। প্রকল্প পরিচালক, B M D F, গ্রামীণ ব্যাংক ভবন,লেভেল-১৩,মীরপুর ২,ঢাকা ১২০৭।
৫। প্রকল্প পরিচালক, গুরুতপুর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প(দ্বিতীয় পর্যায়), আরডিইসি ভবন,লেভেল-৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৬। জনাব/বেগম.................................................কাউন্সিলর/মহিলা কাউন্সিলর(সকল), নীলফামারী **পৌরসভা**।
৭। অফিস নথি।

(দেওয়ান কামাল আহমেদ)
মেয়র
নীলফামারী **পৌরসভা**
**নীলফামারী**।

| | | |
|---|---|---|
| বাজেট প্রকাশনায় | ঃ | দেওয়ান কামাল আহমেদ<br>মেয়র<br>নীলফামারী পৌরসভা<br>নীলফামারী। |
| পরিকল্পনা ও সার্বিক তত্ত্বাবধানে | ঃ | দেওয়ান কামাল আহমেদ<br>মেয়র<br>নীলফামারী পৌরসভা<br>নীলফামারী। |
| সহযোগীতায় | ঃ | কাউন্সিলর বৃন্দ। |
| কম্পিউটারে | ঃ | মোঃ আফজালুল হক<br>কোষাধ্যক্ষ<br>নীলফামারী পৌরসভা<br>নীলফামারী। |
| সম্পাদনায় | ঃ | এ বি এম গোলাম মোস্তফা, হিসাব রক্ষনকর্মকর্তা<br>ও<br>মোঃ আফজালুল হক, কোষাধ্যক্ষ<br>নীলফামারী পৌরসভা<br>নীলফামারী। |

# সূচীপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক খসড়া বাজেট প্রস্তুত এ কার্যবিবরনী | |
| ২ | বিশেষ **T L C C** সভায় খসড়া বাজেট আলোচনা ও অনুমোদনের কার্যবিবরনী | |
| ৩ | পৌরপরিষদের মাসিক সভায় বাজেট চুড়ান্ত অনুমোদনের কার্যবিবরনী | |
| ৪ | বাজেট উপাদান | |
| ৫ | উপাংশ **১,** আয়/প্রাপ্তি ও ব্যয়/পরিশোধ বিবরণী | |
| ৬ | উপাংশ ২, আয়/প্রাপ্তি ও ব্যয়/পরিশোধ বিবরণী | |
| ৭ | উন্নয়ন হিসাব, আয়/প্রাপ্তি ও ব্যয়/পরিশোধ বিবরণী | |
| ৮ | উন্নয়ন হিসাব(প্রকল্প **UGIIP-III)** আয়/প্রাপ্তি ও ব্যয়/পরিশোধ বিবরণী | |
| ৯ | উন্নয়ন হিসাব(প্রকল্প ১৯ টি গুরুত্বপুর্ন পৌরসভা) আয়/প্রাপ্তি ও ব্যয়/পরিশোধ বিবরণী | |
| ১০ | মুলধন হিসাব (ঋণ ও অন্যান্য) আয় ও ব্যয় | |
| ১১ | নিয়মিত কর্মকর্তা ও কর্মচারীদের বিবরণ | |
| ১২ | চুক্তিভিত্তিক কর্মচারীদের বিবরণ | |
| | পরিশিষ্ঠ-”ক” | |
| ১৩ | অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক খসড়া বাজেট প্রস্তুত এর নোটিশ | |
| ১৪ | অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক খসড়া বাজেট প্রস্তুত এর উপস্থিতিপত্র | |
| ১৫ | অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক খসড়া বাজেট প্রস্তুত এর আলোকচিত্র | |
| ১৬ | বিশেষ **T L C C** সভায় খসড়া বাজেট সভার নোটিশ | |
| ১৭ | বিশেষ **T L C C** সভায় খসড়া বাজেট সভার উপস্থিতিপত্র | |
| ১৮ | বিশেষ **T L C C** সভায় খসড়া বাজেট সভার আলোকচিত্র | |
| ১৯ | পৌরপরিষদের মাসিক সভায় নোটিশ | |
| ২০ | পৌরপরিষদের মাসিক সভায় উপস্থিতি পত্র | |
| ২১ | পৌরপরিষদের মাসিক সভায় উপস্থিতির আলোকচিত্র | |
| ২২ | জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে জনগনের মুখোমুখি উন্মুক্ত বাজেট ঘোশনার আলোকচিত্র | |

# নীলফামারী পৌরসভা কার্যালয়,
# নীলফামারী ।

## তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প UGIIP-III

প্রাপক ঃ জনাব -------------------------------------

সদস্য, সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি
ও
মেয়র/কাউন্সিলর, নীলফামারী পৌরসভা।

বিষয় ঃ ''সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি '' এর সভায় অংশ গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১৮ এপ্রিল/ ২০১৭ইং তারিখ, বেলা ১১.০০ ঘটিকার সময় নীলফামারী পৌরসভা মেয়র মহোদয়ের কক্ষে ''সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি''এর সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সুচী ঃ

১। বিগত সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন সংক্রান্ত ঃ

২। ২০১৬-১৭অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০১৭-১৮ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট প্রস্তুত সম্পর্কে আলোচনাঃ

৪। বিবিধ

(মোঃ গোলাম কিবরিয়া)
কাউন্সিলর
"সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী
কমিটির"
সভাপতি
নীলফামারী পৌরসভা।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে।

১। প্রকল্প পরিচালক, UGIIP-III, এলজিইডি ভবন, ঢাকা।
২। মেয়র, নীলফামারী পৌরসভা (সদয় জ্ঞাতার্থে)
৩। অফিস কপি।

(মোঃ গোলাম কিবরিয়া)
কাউন্সিলর
"সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী
কমিটির"
সভাপতি
নীলফামারী পৌরসভা।

# নীলফামারী পৌরসভা কার্যালয়
# নীলফামারী ।

“সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির” সভার কার্য বিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ গোলাম কিবরিয়া

স্থান ঃ মেয়র মহোদয়ের কক্ষ।

সভার তারিখ ঃ ১৯/০৪/২০১৭ইং।

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকায়

অদ্য ১৯/০৪/২০১৭ইং তারিখ, বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার মেয়র মহোদয়ের কক্ষে “সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির” মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সন্মানিত সদস্য বৃন্দ সচিব, ও হিসাব শাখার কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন “সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির” সম্মানীত সভাপতি জনাব মোঃ গোলাম কিবরিয়া কাউন্সিলর । সভাপতি মহোদয় উপস্থিত সন্মানিত সকল সদস্য বৃন্দের সহিত কুষলাদি বিনিময়ান্তে সভার কার্যাদি শুরু করেন। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে উল্লেখ করা হলো।

আলোচ্য সূচী ঃ (১) বিগত সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন সংক্রান্ত ঃ

আলোচনা ঃ বিগত সভার কার্য বিবরনী উপস্থিত সকলের অবগতির জন্য পাঠ করে শুনানো হয়।

সিদ্ধান্ত ঃ বিগত সভার কার্য বিবরনী উপস্থিত সকলের অবগতির জন্য পাঠের পর কোন প্রকার সংযোজন বা বিয়োজন ব্যাতিরেকে সর্বসম্মতিক্রমে অনুমোদন দেওয়া হয়।

আলোচ্য সূচী ঃ (২) ২০১৬-১৭অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০১৭-২০১৮ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট সম্পর্কে আলোচনা

আলোচনা ঃ আলোচ্য সূচী ২এর প্রেক্ষিতে সভাপতি সাহেব সভায় জানান যে, অত্র নীলফামারী পৌরসভায় UGIIP-III প্রকল্প চলামান আছে এবং প্রকল্পের নির্দেশনা মোতাবেক গত ১৯/০৩/২০১৭ইংতারিখ প্রকল্প অফিস থেকে আগামী ২০১৭-২০১৮ ইং অর্থ বছরের জন্য খসড়া বাজেটপ্রনয়নের জন্য পত্র প্রেরণ করেছেন। উক্ত পত্রের নিদের্শনা অনুযায়ী আগামী মাসে খসড়াবাজেট প্রয়নয়ন করে উক্তবাজেট সম্পর্কে পৌরবাসীর মতামত গ্রহনের জন্য প্রকাশ্যস্থানে লাগানোর জন্য সংশ্লিষ্ট সদস্যদের নিকট প্রস্তাব পেশ করেন। সম্মানীত মেয়র মহোদয় জানান পৌরসভায় রি-এ্যাসেসমেন্ট এ রিভিউ চলমান আছে। সেকারনে সংশ্লিষ্ট শাখা হতে পৌরকর সম্পকিত হালনাগাদ ও অন্যান্য সকল শাখা থেকে বাজেট সর্ম্পকিত তথ্য সংগ্রহ করে আগামী সভায় উপস্থাপনের জন্য সচিবকে এবং হিসাব শাখার কর্মকর্তা ও কর্মচারীসহ উপস্থিত থাকার জন্য সভায় জানানো হয়।

সিদ্ধান্ত ঃ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উক্ত প্রস্তাবে সকলেই একমত পোষন করেন এবং সিদ্ধান্ত হয়, সচিব সকল শাখা থেকে বাজেট সর্ম্পকিত তথ্য সংগ্রহ করে খসড়া বাজেট এর কার্যক্রম শুরু ও প্রস্তুতকৃত বাজেট পৌরবাসীর মতামত গ্রহনের জন্য প্রকাশ্যস্থানে লাগানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ ঃ পরিশেষে আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং “সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির” সভায় উপস্থিত হওয়ার জন্য আহবান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ গোলাম কিবরিয়া)
কাউন্সিলর
“সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির”
সভাপতি
নীলফামারী পৌরসভা

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণঃ</u>

১। প্রকল্প পরিচালক, UGIIP-III, এলজিইডি ভবন, ঢাকা।
২। মেয়র, নীলফামারী পৌরসভা (সদয় জ্ঞাতার্থে)
৩। অফিস কপি।

(মোঃ গোলাম কিবরিয়া)
কাউন্সিলর
“সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির”
সভাপতি
নীলফামারী পৌরসভা

# নীলফামারী পৌরসভা কার্যালয়
# নীলফামারী ।

“সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির” সভার কার্য বিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ গোলাম কিবরিয়া

স্থান ঃ মেয়র মহোদয়ের কক্ষ।

সভার তারিখ ঃ ১৫/০৫/২০১৭ইং।

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকায়

অদ্য ১৫/০৫/২০১৭ইং তারিখ, বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার মেয়র মহোদয়ের কক্ষে “সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির” মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সন্মানিত সদস্য বৃন্দ, সচিব, ও হিসাব শাখার কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন “সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির” সম্মানীত সভাপতি জনাব মোঃ গোলাম কিবরিয়া কাউন্সিলর । সভাপতি মহোদয় উপস্থিত সন্মানিত সকল সদস্য বৃন্দের সহিত কুষলাদি বিনিময়ান্তে সভার কার্যাদি শুরু করেন। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে উল্লেখ করা হলো।

আলোচ্য সূচী ঃ (১) বিগত সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন সংক্রান্ত ঃ

আলোচনা ঃ বিগত সভার কার্য বিবরনী উপস্থিত সকলের অবগতির জন্য পাঠ করে শুনানো হয়।

সিদ্ধান্ত ঃ বিগত সভার কার্য বিবরনী উপস্থিত সকলের অবগতির জন্য পাঠের পর কোন প্রকার সংযোজন বা বিয়োজন ব্যাতিরেকে সর্বসম্মতিক্রমে অনুমোদন দেওয়া হয়।

আলোচ্য সূচী ঃ (২) ২০১৬-১৭অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০১৭-১৮১৭অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট প্রস্তুত সম্পর্কে আলোচনা

আলোচনা ঃ আলোচ্য সূচী ২এর প্রেক্ষিতে সভাপতি সাহেব সভায় সচিব, নীলফামারী পৌরসভা গত সভার সিদ্ধান্ত অনুযায়ী হালনাগাদ তথ্য উপস্থাপন করেন,তিনি জানান যে, বর্তমান রি-এ্যাসেসমেন্ট এ রিভিউ চলমান। ৩০০০ হাজার রিভিউ ফরম পাওয়া গেছে। উক্ত তথ্যের ভিত্তিতে হোল্ডিং কর বেসরকারী খাতে ৭০,০০,০০০/- লক্ষ টাকা ও সরকারী বাবদ ১,০৯,০০,০০০/- টাকা হোল্ডিং কর ধরা যেতে পারে। সম্মানিত মেয়র মহোদয় হাট বাজার, দোকান ভাড়া, ইত্যাদির বাজেট বাড়ানোর জন্য এবং অপর পক্ষে জন্ম নিবন্ধন, সিডিউল বিক্রীর খাতে কমানের এবং O&M , বৃক্ষরোপন ও পরিস্কার পরিচ্ছন্ন খাতে বাজেট বাড়ানোর প্রস্তাব করেন। সম্মানীত সদস্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি GAP ও PRAP খাতে পূর্বের তুলনায় ৫% বৃদ্ধি করে বাজেট বাড়ানোর প্রস্তাব করনে। উপস্থিত সকল সদস্যের সম্মতিতে সম্মানীত সদস্যগনের প্রস্তাবের সহিদ সংগতি রেখে খসড়া বাজেট প্রস্তুত করা হয়। বিস্তারিত বিবরন বাজেট কপিতে উল্লেখ করা হয়েছে। উক্ত বাজেট পৌরবাসীর জ্ঞাতার্থে ও মতামতের জন্য প্রকাশ্য স্থানে/ নোটিশ বোর্ডে লাগানোর এবং আগামী TLCC সভায় মতামতসহ উপস্থাপনের জন্য সম্মানীত মেয়র মহোদয় সভাকে জানান।

সিদ্ধান্ত ঃ আলোচনা ও প্রস্তাবান্তে সর্বসম্মতিক্রমে খসড়া বাজেট প্রস্তুত করা হয় উক্ত খসড়া বাজেট সম্পর্কে পৌরবাসীর জ্ঞাতার্থে মতামত গ্রহনের জন্য প্রকাশ্য স্থানে/ নোটিশ বোর্ড লাগানোর ও আগামী নগর সম্বনয় কমিটির সভায় বাজেট সর্ম্পকিত পৌরবাসীর মতামতসহ উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচী ঃ (৩) বিবিধ

আলোচনা ঃ পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং আগামী“সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির” সভায় উপস্থিত হওয়ার জন্য আহবান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ গোলাম কিবরিয়া)
কাউন্সিলর
“সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির”
সভাপতি
নীলফামারী পৌরসভা

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণঃ
১। প্রকল্প পরিচালক, UGIIP-III, এলজিইডি ভবন, ঢাকা।
২। মেয়র, নীলফামারী পৌরসভা (সদয় জ্ঞাতার্থে)
৩। অফিস কপি।

(মোঃ গোলাম কিবরিয়া)
কাউন্সিলর
“সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির”
সভাপতি
নীলফামারী পৌরসভা

# নীলফামারী পৌরসভা কার্যালয়
# নীলফামারী।
# বিশেষ বাজেট সভার কার্যবিবরণী

সভাপতি ঃ দেওয়ান কামাল আহমেদ, মেয়র, নীলফামারী পৌরসভা।

সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।

সভার তারিখ ঃ ৩০/০৫/২০১৯ খ্রিঃ।

সময় ঃ সকাল- ১১.০০ ঘটিকা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

অদ্য ৩০/০৫/২০১৭ ইং তারিখ রোজ মঙ্গলবার বিকাল ০৩.৩০ ঘটিকায় পৌর সম্মেলন কক্ষে নীলফামারী পৌরসভার ২০১৭-২০১৮ ইং অর্থ বছরের বিশেষ বাজেট সভা অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে পবিত্র কোরআন তিলায়াতের পর সভাপতি মহোদয় জনাব দেওয়ান কামাল আহমেদ স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার কার্যাদি শুরু করেন ।

সভায় সম্মানিত কাউন্সিলরবৃন্দের উপস্থিতিতে সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে জনাব মোঃ আফজালুল হক কোষাধ্যক্ষ নীলফামারী পৌরসভা ২৯/০৫/২০১৬ ইং তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরহলরুমে অনুষ্ঠিত নগর সমন্বয় কমিটির (T L C C) বিশেষ সভায় উপস্থিত সদস্যগনের বিস্তারিত আলোচনা, পর্যালোচনার পর সুপারিশ ও মতামতের ভিত্তিতে ২০১৬-২০১৭ ইং অর্থ বছরের সংশোধিত ও ২০১৭-২০১৮ ইং অর্থ বছরের প্রস্তাবিত পুনঃসংশোধিত খসড়া বাজেট পেশ করেন।

সভায় গত ২০১৬-২০১৭ ইং অর্থ বছরের উপস্থাপিত সংশোধিত বাজেট সর্বসম্মতি ক্রমে অনুমোদন করা হয়। তৎপর ২০১৭-২০১৮ ইং অর্থ বছরের জন্য প্রনীত T L C C বিশেষ সভায় খসড়া বাজেটের আয় ও ব্যয়ের খাতওয়ারী বিবরণ বিশদ ভাবে আলোচনা, পর্যালোচনান্তে কোন কোন খাতে পরিবর্তন ও পরিবর্ধনের মধ্য দিয়ে গ্রহন করা হয় । সভায় ২০১৭-২০১৮ ইং অর্থ বছরের প্রস্তাবিত আয় ঃ ৬৫,৯৪,৯৬,১৯৮.০০(পঁয়ষট্রি কোটি চুরানব্বই লক্ষ ছিয়ানব্বই হাজার একশত আটানব্বই) টাকা এবং ব্যয় ঃ ৬৫,৭৫,৫৩,০০০.০০ (পঁয়ষট্রি কোটি পঁচাত্তর লক্ষ তিপান্ন হাজার) টাকা সমাপনি স্থিতি ১৯,৪৩,১৯৮.০০ (উনিশ লক্ষ তেতাল্লিশ হাজার একশত আটানব্বই) টাকা সম্বলিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করতঃ চুড়ান্ত অনুমোদনার্থে স্থানীয় সরকার বিভাগ,সংশ্লিষ্ট শাখায় ও অবগতির জন্য প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সক্টর) প্রকল্প, এলজিইডি ভবন, লেভেল-১২,আগারগাঁও শেরে বাংলা নগর এ প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। তাহা ছাড়া সকল ক্ষেত্রে পৌরসভা আদর্শ কর তফশিল ২০১৪ ইং অনুসারে করারোপ করার প্রস্তার করা হয়। সভায় আগামী ০৮/০৬/২০১৭ ইং তারিখ জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তন নীলফামারীতে জনপ্রতিনিধিদের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করে সুশাসন প্রতিষ্ঠায় ২০১৭-২০১৮ ইং অর্থ বছরের বাজেট ঘোষনা, পৌরসভার উন্নয়ন, সেবা সংক্রান্ত সমস্যা ও সম্ভাবনা, জনপ্রতিনিধিবৃন্দের প্রতিশ্রুতি, পৌরবাসীর অধিকার,দায়িত্ব,কর্তব্য ইত্যাদি বিষয়ে মতামত ও সুপারিশ নিয়ে পৌর পরিষদ, জনগনের মুখোমুখি হওয়া অনুষ্ঠানে সকল কাউন্সিলর ও সংশ্লিষ্ট শাখা প্রধানগনকে উপস্থিত থাকার বিষয় ও জনগনের মুখোমুখি অনুষ্ঠানে সর্বস্তরের পৌরবাসীর উপস্থিতির জন্য ব্যাপক প্রচার মাইকিং, স্থানীয় নেটওয়াক ক্যাবল চ্যানেলে সরাসরি সম্প্রচার এবং যারা সরাসরি অনুষ্ঠানে উপস্থিত হতে পারবেন না ঘরে টিভি সেটের সামনে বসে অনুষ্টান উপভোগ করবেন তারা পৌরসভা সেবা সংক্রান্ত বিষয়ে ০১৭৯৩৯৩৬৬২২ ও ০১৭৩০৭২৬৭৩১ নম্বরে সরাসরি প্রশ্ন করতে পারবেন মর্মে সর্বম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**(দেওয়ান কামাল আহমেদ)**
**মেয়র**
**নীলফামারী পৌরসভা**
**নীলফামারী**